SME NEWS
# এসএমই নিউজ
এসএমই ফাউন্ডেশন
মুজিব শতবর্ষ MUJIB 100
এসএমই ফাউন্ডেশনের ত্রৈমাসিক নিউজলেটার
বর্ষ ১২ । সংখ্যা ৩৭ | জানুয়ারি-মার্চ ২০২২

## ৪র্থ হেরিটেজ হ্যান্ডলুম ফেস্টিভ্যাল ২০২২ আয়োজন



ফেস্টিভ্যালের উদ্বোধনী অনুষ্ঠানে জাতীয় সংসদের মাননীয় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী এমপি, শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি, সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এম খালিদ এমপি ও অন্যান্য অতিথিবৃন্দ



ফেস্টিভ্যালের সমাপনী অনুষ্ঠানে পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান এমপি ও অন্যান্য অতিথিবৃন্দ

এসএমই ফাউন্ডেশন এবং অ্যাসোসিয়েশন অব ফ্যাশন ডিজাইনার্স বাংলাদেশ (এএফডিবি)-এর যৌথ আয়োজনে ০৯-১২ ফেব্রুয়ারি ২০২২ রাজধানীতে চার দিনব্যাপী ৪র্থ হেরিটেজ হ্যান্ডলুম ফেস্টিভ্যাল ২০২২ আয়োজন করা হয়। ০৯ ফেব্রুয়ারি ২০২২ গুলশান শুটিং ক্লাবে ফেস্টিভ্যালের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জাতীয় সংসদের মাননীয় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী এমপি। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি, সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এম খালিদ এমপি এবং গেস্ট অব অনার ছিলেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি জনাব ওয়াসিকা আয়েশা খান এমপি। ফেস্টিভ্যালের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান। স্বাগত বক্তব্য রাখেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান এবং ফেস্টিভ্যালের বিভিন্ন বিষয় নিয়ে আলোকপাত করেন অ্যাসোসিয়েশন অব ফ্যাশন ডিজাইনার্স বাংলাদেশ (এএফডিবি) সভাপতি মানতাশা আহমেদ।

১০ ফেব্রুয়ারি ২০২২ ফেস্টিভ্যালের দ্বিতীয় দিন 'ফ্রেন্ডস অব বাংলাদেশ ডে' আয়োজন করা হয়। উক্ত দিনে বাংলাদেশে অবস্থিত বিভিন্ন দেশের কূটনীতিক ও তাদের প্রতিনিধিগণ ফেস্টিভ্যাল পরিদর্শন করেন। আরো উপস্থিত ছিলেন বাংলাদেশে অবস্থানরত বিভিন্ন দেশের কূটনীতিক, আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধি ও বিদেশী নাগরিকগণ। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এমপি বলেন, মসলিনসহ দেশের ঐতিহ্যবাহী পণ্যের গৌরব ফিরিয়ে আনতে কাজ করছে সরকার। বিভিন্ন দেশে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল করতে ফেস্টিভ্যালে প্রদর্শিত পণ্যসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মালদ্বীপ ও ভারতের সম্মানিত হাইকমিশনার এবং জাপানের মান্যবর রাষ্ট্রদূত। এছাড়াও বিশ্বব্যাংক ও আইএমএফ এর আবাসিক প্রতিনিধিসহ বিভিন্ন দেশের কূটনীতিকবৃন্দ ফেস্টিভ্যাল পরিদর্শন করেন।

১০ ফেব্রুয়ারি ২০২২ বিকাল ৩টায় 'ঐতিহ্য সংরক্ষণে যুব সমাজের ভূমিকা' সেমিনার আয়োজন করা হয়। সেমিনারে প্রধান অতিথি ছিলেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জাহিদ আহসান রাসেল এমপি। এছাড়া সেমিনারে উপস্থিত ছিলেন কাজী নাবিল আহমেদ এমপি এবং বেসিস এর প্রাক্তন সভাপতি সৈয়দ আলমাস কবির।

১১ ফেব্রুয়ারি ২০২২ 'ঐতিহ্য সংরক্ষণে প্রযুক্তির ভূমিকা' সেমিনার আয়োজন করা হয়। সেমিনারে প্রধান অতিথি ছিলেন ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী মোস্তাফা জব্বার। বিশেষ অতিথি ছিলেন বিজিএমএই এর সভাপতি ফারুক হাসান।

১২ ফেব্রুয়ারি ২০২২ সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান এমপি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। উল্লেখ্য, ইতিহাসের ধারাবাহিকতায় এইদেশে এলাকাভেদে বিভিন্ন ধরনের তাঁত, বস্ত্র ও কারুশিল্প বিকশিত হয়েছে। এর মধ্যে সোনারগাঁওয়ের ঐতিহ্যবাহী জামদানি, মিরপুরের বেনারসী শাড়ি, টাঙ্গাইলের তাঁত ও শাড়ী, সিরাজগঞ্জের লুঙ্গি ও তাঁত বস্ত্র, নকশীকাঁথা, কুমিল্লার খাদী, রাজশাহীর সিল্ক, মনিপুরি তাঁত ও রাঙ্গামাটির নৃ-গোষ্ঠির তাঁতপণ্য দেশজুড়ে বিখ্যাত। বাংলাদেশের গৌরবময় ঐতিহ্য ও কৃষ্টির অংশ ঐতিহ্যবাহী তাঁতপণ্যের প্রস্তুতকারক ও শীর্ষস্থানীয় ডিজাইনারদের মধ্যে সংযোগ স্থাপন, বিলুপ্তি রোধকরণ এবং সর্বোপরি দেশে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সহযোগিতায় এসএমই ফাউন্ডেশন ও অ্যাসোসিয়েশন অব ফ্যাশন ডিজাইনার্স বাংলাদেশ (এএফডিবি) টানা চতুর্থবারের মত আয়োজন করে হেরিটেজ হ্যান্ডলুম ফেস্টিভ্যাল।

এই ফেস্টিভ্যাল আয়োজনের প্রধান উদ্দেশ্যসমূহ হলো:

(ক) বাংলার গৌরবময় ঐতিহ্য ও কৃষ্টির অংশ হিসাবে দৈনন্দিন জীবনে ঐতিহ্যবাহী তাঁত পণ্যের প্রদর্শন করা;

(খ) ঐতিহ্যবাহী তাঁত পণ্যের প্রচার, প্রসার এবং বাজারজাতকরণের সুযোগ সৃষ্টির মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি করা;

(গ) তাঁত পণ্য প্রস্তুতকারক ও শীর্ষস্থানীয় ডিজাইনারদের মধ্যে সংযোগ স্থাপন করা;

(ঘ) স্থানীয় ও আন্তর্জাতিক বাজারের সাথে স্থানীয় তাঁত পণ্য প্রস্তুতকারকদের মধ্যে সংযোগ স্থাপন করা; এবং

(ঙ) বাংলার ঐতিহ্যবাহী পণ্যের বিলুপ্তি রোধ করা।

**(অবশিষ্ট ২য় পৃষ্ঠায়)**

# ৪র্থ হেরিটেজ হ্যান্ডলুম ফেস্টিভ্যাল ২০২২ আয়োজন

(প্রথম পৃষ্ঠার পর)

মেলায় বয়নশিল্প প্রদর্শনের পাশাপাশি ৫০টি স্টলে ক্রেতা-দর্শনার্থীদের জন্য প্রদর্শন করা হয় শাড়ী-লুঙ্গি-গামছা, খাদি, নকশীকাঁথা, বেনারসী শাড়ী, টাঙ্গাইল শাড়ী, জামদানী শাড়ী, শতরঞ্জি, পটচিত্র, রিক্সা পেইন্ট, জুয়েলারি, টেরাকোটা, পিতল, কাসাঁ, শঙ্খ, মনিপুরী কাপড়, রাঙ্গামাটির চাকমাসহ অন্যান্য ক্ষুদ্র নৃগোষ্ঠীর কাপড় ও হস্তশিল্প পণ্য, পাটজাত, বাঁশ ও বেতজাত পণ্য। এছাড়াও ছিল খাতভিত্তিক পণ্যের ইতিহাস নিয়ে তথ্যচিত্র, পণ্য সম্পর্কে ক্রেতাদের ধারণা প্রদানসহ নানা আয়োজন। ফেস্টিভ্যালে অংশগ্রহণ করেন বিভিন্ন অ্যাসোসিয়েশন, ডিজাইনার, শিল্পী, তাঁতীসহ ঐতিহ্যবাহী পণ্যের উদ্যোক্তাগণ। ফেস্টিভ্যালে লোকজ শিল্পীদের সঙ্গীত পরিবেশনা, সেমিনার, ফ্যাশন শো এবং ক্রেতা-বিক্রেতা সম্মিলনের আয়োজন ছিল।

**ছাত্র-ছাত্রীদের সম্পৃক্তকরণ**

হেরিটেজ হ্যান্ডলুম ফেস্টিভ্যালে অংশগ্রহণকারী বিভিন্ন ডিজাইনারদের প্রোডাক্ট ডেভেলপমেন্টের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের ফ্যাশন ডিজাইন বিষয়ক বিশ্ববিদ্যালয় ও ইনস্টিটিউটসহ অন্যান্য স্টেকহোল্ডারদের সম্পৃক্ত করা হয়।

**তথ্যকেন্দ্র**

হেরিটেজ হ্যান্ডলুম ফেস্টিভ্যাল ২০২২-এ একটি তথ্যকেন্দ্র স্থাপন করা হয়, যেখানে প্রদর্শিত পণ্যের প্রস্তুতকারক ও আয়োজক প্রতিষ্ঠানের কার্যক্রমের বিভিন্ন তথ্যাদি সরবরাহ করা হয়।

**সাংস্কৃতিক অনুষ্ঠান ও ফ্যাশন শো আয়োজন**

বরাবরের মতোই এবারো ক্রেতা দর্শকদের আকৃষ্ট করা এবং বিনোদনের লক্ষ্যে লোকজ সঙ্গীত পরিবেশনের ব্যবস্থা করা হয়। এছাড়া ফেস্টিভ্যাল উপলক্ষ্যে প্রতিদিন ডিজাইনারগণ কর্তৃক তাঁতের তৈরি পোশাকের 'ফ্যাশন শো' আয়োজন করা হয়। ৪র্থ হেরিটেজ হ্যান্ডলুম ফেস্টিভ্যাল ২০২২-এ প্রায় ৫০ লাখ টাকার পণ্য বিক্রি ও প্রায় ২৮ লাখ টাকার পণ্যের অর্ডার পেয়েছেন উদ্যোক্তারা।



'ফ্রেন্ডস অব বাংলাদেশ ডে'তে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, ভারতের হাইকমিশনার Vikram K Doraiswami ও জাপানের রাষ্ট্রদূত Naoki Ito ও অন্যান্য অতিথিবৃন্দ



ফেস্টিভ্যালের বিভিন্ন স্টল পরিদর্শন করছেন ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী মোস্তাফা জব্বার ও বিজিএমএই সভাপতি ফারুক হাসানসহ অন্যান্য অতিথিবৃন্দ



'ঐতিহ্য সংরক্ষণে যুব সমাজের ভূমিকা' সেমিনারে প্রধান অতিথি যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জাহিদ আহসান রাসেল এমপি ও অন্যান্য অতিথিবৃন্দ

# 'SME Business Management for Women Entrepreneurs' প্রশিক্ষণ

ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের আর্থিক ব্যবস্থাপনায় দক্ষ করে তোলার লক্ষ্যে বিভিন্ন ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের সাথে এসএমই ফাউন্ডেশনের সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। এসব সমঝোতা স্মারকের আওতায় এসএমই ফাউন্ডেশন ও ব্যাংক এশিয়া'র যৌথ উদ্যোগে ১৬-২০ জানুয়ারি ২০২২ মেহেরপুরে পাঁচ দিনব্যাপী 'SME Business Management' প্রশিক্ষণ আয়োজিত হয়। এতে ব্যবসা পরিকল্পনা, ব্যবসা বাছাই ও লক্ষ্য নির্ধারণ, উৎপাদন প্রক্রিয়া ও উৎপাদন পরিকল্পনার বিভিন্ন মডেল আলোচনা, বাজার ও বিপণন ব্যবস্থা বিষয়ে ধারণা, অর্থ সংশ্লিস্ট বিষয়ে ধারণা ও পরিকল্পনা, ব্যবসায়িক ধারণা বাছাই ও নির্বাচন (ম্যাক্রো/ মাইক্রো স্ক্রিনিং), বাজার জরিপ সংক্রান্ত চেকলিষ্ট, ব্যবসা পরিকল্পনার প্রাথমিক ধারণা, ব্যবসা পরিকল্পনা প্রণয়ন ও ব্যবসা পরিকল্পনা উপস্থাপন বিষয়ে প্রশিক্ষণার্থীদের বিস্তারিত ধারণা প্রদান করা হয়। ঋণ আবেদন প্রক্রিয়া বিশেষতঃ করোনা প্রণোদনা প্যাকেজ থেকে ঋণপ্রাপ্তি সহজীকরণ নিয়েও প্রশিক্ষণে আলোচনা করা হয়। একই



SME Business Management for Women Entrepreneurs প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের একাংশ

বিষয়ে দুইটি প্রশিক্ষণ ২২-২৬ ফেব্রুয়ারি ২০২২ ফরিদপুর ও ময়মনসিংহে আয়োজিত হয়। প্রশিক্ষণসমূহে ৯০জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

# এসএমই ই-ডাটাবেজ প্রণয়ন কর্মসূচির উদ্বোধন

এটুআই (a2i) এর সহযোগিতায় দেশব্যাপী এসএমই ই-ডাটাবেজ তৈরির উদ্যোগ গ্রহণ করেছে এসএমই ফাউন্ডেশন। ডাটাবেজ তৈরি কার্যক্রমের অংশ হিসেবে ২০ জানুয়ারি ২০২২ প্রাথমিকভাবে ঢাকার শ্যামপুর, বগুড়ার আদমদিঘি, পিরোজপুরের নেছারাবাদ এবং কিশোরগঞ্জের ভৈরব-দেশের চারটি উপজেলা/থানায় পাইলট কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি। এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এমপি। স্বাগত বক্তব্য রাখেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান এবং শুভেচ্ছা বক্তব্য রাখেন এটুআই (a2i) এর প্রকল্প পরিচালক ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ুন কবীর।

এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান বলেন, এসএমই নীতিমালায় ২০২৪ সালের মধ্যে জিডিপিতে এসএমই খাতের অবদান বর্তমান ২৫% থেকে ৩২% এ উন্নীত করার লক্ষ্য ঠিক করা হয়েছে। এই খাতের উন্নয়নে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এটুআইয়ের সহযোগিতায় এসএমই ই-ডাটাবেজ সরকারের নীতি নির্ধারণে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এমপি বলেন, দেশের সবচেয়ে বড় এই খাতকে সমৃদ্ধ করার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী দেশনেত্রী শেখ হাসিনা নানাবিধ উদ্যোগ গ্রহণ করেছেন। কিন্তু নিয়মিত হালনাগাদকৃত ডাটাবেজ না থাকার ফলে আমাদেরকে প্রায়ই সিএমএসএমই খাত নিয়ে নানাবিধ নীতিগত সিদ্ধান্ত গ্রহণে বেগ পেতে হত। তাই আমি মনে করছি, এসএমই ফাউন্ডেশন ও এটুআই'এর এই উদ্যোগ একটি সময়োপযোগী এবং বাস্তবসম্মত উদ্যোগ। এসএমই ফাউন্ডেশন এর সাথে এই কাজ অব্যাহত রাখতে এবং দেশের সকল সিএমএসএমই'কে কীভাবে এই ডেটাবেজের আওতায় আনা যায় তার জন্য যথাযথ পরিকল্পনা গ্রহণ করতে আমি এটুআই-কে অনুরোধ জানাবো।



এসএমই ই-ডাটাবেজ প্রণয়ন কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এমপি, এটুআই (a2i) এর প্রকল্প পরিচালক ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ুন কবীর, ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান ও অন্যান্য অতিথিবৃন্দ

পাশাপাশি সকল সিএমএসএমই যেন তাদের সংশ্লিষ্ট সকল সেবা একটি প্ল্যাটফর্ম থেকে পায় তা নিশ্চিত করতে সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরসমূহের সাথে যৌথভাবে কাজ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি এটুআই ও এসএমই ফাউন্ডেশনকে। তিনি আরো বলেন, এসএমই উদ্যোক্তাদের প্রশিক্ষণ, তহবিলের যোগান এবং ব্যবসার বিভিন্ন সেবা দেয়া নিশ্চিত করতে একসাথে কাজ করতে পারে এসএমই ফাউন্ডেশন ও আইসিটি বিভাগ।

শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি বলেন, বর্তমানে বাংলাদেশের শতকরা প্রায় ৯৯ ভাগ শিল্প ও ব্যবসা কুটিরসহ এমএসএমই খাতের আওতাভুক্ত। এ খাত দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডের ৭০ শতাংশই নিয়ন্ত্রণ করে। মোট শিল্প কর্মসংস্থানের শতকরা ৮০ থেকে ৮৫ ভাগ সৃষ্টি হচ্ছে এসএমই খাতে। এসএমই খাত মোট অভ্যন্তরীন শিল্পপণ্য চাহিদার শতকরা ৩০ থেকে ৩৫ ভাগ যোগান দিয়ে থাকে। তাই এসএমই ই-ডাটাবেজ কার্যক্রম অত্যন্ত সময়োপযোগী উদ্যোগ। দেশের সকল এসএমই উদ্যোক্তার তথ্য একটি প্ল্যাটফর্মে পাওয়া গেলে এই খাতের উন্নয়নে সরকারের নীতি নির্ধারণ সহজ হবে। এ ধরনের কর্মসূচি অর্থনীতির প্রাণ এমএসএমই খাতের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এজন্য এসএমই ফাউন্ডেশন ও এটুআই সাধুবাদ পাওয়ার যোগ্য বলে আমি মনে করি। শিল্পমন্ত্রী ভৈরবের একটি ইউনিয়ন তথ্য কেন্দ্রের মাধ্যমে একজন উদ্যোক্তার যাবতীয় তথ্য আপলোড করার পর সেটি অনুমোদন করার মাধ্যমে পাইলট কর্মসূচির উদ্ধোধন ঘোষণা করেন।

এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান বলেন, এটুআই এবং এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে শিগগিরই এসএমই ই-ডাটাবেজ তৈরির কাজ শেষ হলে উদ্যোক্তাদের অর্থায়ন, পণ্য বাজারজাতকরণ এবং পণ্যের মানোন্নয়নে তা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

অনুষ্ঠানে জানানো হয়, www.smef.nise.gov.bd এই ওয়েব লিংকে লগইন করে একজন উদ্যোক্তা নিজে/ইউনিয়ন ডিজিটাল সেন্টারের সহায়তায়/এসএমই ক্লাস্টার অ্যাসোসিয়েশনের মাধ্যমে এসএমই ই-ডাটাবেজের জন্য নিজেদের তথ্য আপলোড করতে পারবেন। উল্লেখ্য, ২০১৩ সালে পরিসংখ্যান ব্যুরো পরিচালিত সবশেষ অর্থনৈতিক সমীক্ষা অনুযায়ী দেশের মোট ৭৮ লাখের বেশি ব্যবসা প্রতিষ্ঠানের মধ্যে ৯৯ ভাগের বেশি কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি (সিএমএসএমই) খাতের।

# জেলা এসএমই ঋণ মনিটরিং কমিটির সভায় ফাউন্ডেশনের অংশগ্রহণ

কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের (CMSME) সক্ষমতা অক্ষুণ্ন রাখা এবং শিল্প কারখানায় নিয়োজিত জনবলকে কাজে বহাল রাখার উদ্দেশ্যে ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে স্বল্প সুদে চলতি মূলধন ঋণ/বিনিয়োগ সুবিধা প্রবর্তনের জন্য মাননীয় প্রধানমন্ত্রী ২০ হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজ ঘোষণা করেন। বর্তমানে প্রণোদনা প্যাকেজের আওতায় দ্বিতীয় ধাপে আরো ২০ হাজার কোটির ঋণ বিতরণের কার্যক্রম চলমান রয়েছে। প্রণোদনা প্যাকেজের আওতায় এসএমই খাতের ঋণ বিতরণ কার্যক্রম সমন্বিত ও সুচারুরূপে বাস্তবায়নে সহযোগিতার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অনুমোদনক্রমে শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে জেলা প্রশাসককে আহ্বায়ক করে 'জেলা এসএমই ঋণ বিতরণ মনিটরিং কমিটি' গঠন করা হয়। এসএমই ফাউন্ডেশনের প্রতিনিধিবৃন্দ এই কমিটির সদস্য হিসেবে এখন পর্যন্ত প্রায় তিনশতাধিক অনলাইন সভায় অংশগ্রহণ করে ক্ষতিগ্রস্ত উদ্যোক্তাদের তালিকা প্রণয়ন, লিড ব্যাংকের সক্রিয় দায়িত্ব পালন ও প্রতিটি ব্যাংক শাখায় হেল্প ডেস্ক স্থাপন, স্থানীয়ভাবে প্রচার-প্রচারণা ও উপখাতভিত্তিক বিতরণের বিষয়ে গুরুত্বপূর্ণ মতামত ও পরামর্শ প্রদান করেন। এছাড়া ফাউন্ডেশন প্রণোদনা প্যাকেজ সুষ্ঠুভাবে বাস্তবায়ন তথা প্রান্তিক উদ্যোক্তাদের জন্য ঋণ প্রাপ্তি সহজীকরণের উদ্দেশ্যে একটি গাইডলাইন প্রণয়ন করেছে। পাশাপাশি জেলা এসএমই ঋণ মনিটরিং কমিটিকে সার্বিক সহায়তার উদ্দেশ্যে একটি ঋণ মনিটরিং ফরম্যাট



জেলা এসএমই ঋণ মনিটরিং কমিটির সভায় অংশগ্রহণকারীদের একাংশ

তৈরি ও বিতরণ, উদ্যোক্তাদের প্রয়োজনীয় তথ্য প্রদানের জন্য ফোকাল পারসন নির্বাচন, বিভিন্ন জেলা কমিটির নিকট সার্কুলারসহ প্রয়োজনীয় ডকুমেন্টস প্রেরণ ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন করছে। বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ তথ্য অনুযায়ী, দ্বিতীয় মেয়াদের ২০ হাজার কোটি টাকার তহবিলের প্রায় ৪৫ শতাংশ ইতোমধ্যে ঋণ হিসেবে বিতরণ সম্পন্ন হয়েছে।

# দিনব্যাপী ৬ষ্ঠ ক্রেতা-বিক্রেতা সম্মিলন আয়োজন

২০ মার্চ ২০২২ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ৬ষ্ঠবারের মতো ক্রেতা-বিক্রেতা সম্মিলন আয়োজন করা হয়। এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের সভাপতিত্বে সম্মিলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার এমপি। বিশেষ অতিথি ছিলেন শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব কাজী সাখাওয়াত হোসেন এবং এসএমই ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ সদস্য হাসিনা নেওয়াজ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান।

স্বাগত বক্তব্যে এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক বলেন, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা ও নারী-উদ্যোক্তাদের তৈরি পণ্যসমূহকে দেশের প্রথম সারির ক্রেতাদের কাছে পরিচয় করিয়ে দিতেই নিয়মিত এ ধরনের ক্রেতা-বিক্রেতা সম্মিলন আয়োজন করে আসছে এসএমই ফাউন্ডেশন।

শিল্প প্রতিমন্ত্রী বলেন, এসএমই উদ্যোক্তাদের সহজ শর্তে ঋণ ও প্রশিক্ষণ দিয়ে সরকারের কর্মসংস্থান বাড়ানোর লক্ষ্যমাত্রা অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে এসএমই ফাউন্ডেশন। তবে করোনাভাইরাসের কারণে ক্ষতি কাটিয়ে উঠতে উদ্যোক্তাদের জন্য সহজ শর্তে আরো ঋণ প্রয়োজন। এজন্য এসএমই ফাউন্ডেশনের অনুকূলে নিয়মিত অর্থ বরাদ্দ করা উচিত।

এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন বলেন, পুঁজি ও পণ্যের বাজার সংযোগের অভাবে পিছিয়ে পড়েন দেশের এসএমই উদ্যোক্তারা। সেই সাথে তাদের পণ্যের ন্যায্য দাম নিশ্চিত করাও বড়ো চ্যালেঞ্জ। এসএমই উদ্যোক্তাদের এসব সংকট সমাধানে কাজ করছে এসএমই ফাউন্ডেশন।

উল্লেখ্য, দেশে প্রায় ১০ লক্ষ ক্ষুদ্র ও মাঝারি শিল্প এবং প্রায় ৬৮ লক্ষ কুটির শিল্প প্রতিষ্ঠান রয়েছে; যার ৭.২১ শতাংশ নারী-উদ্যোক্তাদের মাধ্যমে পরিচালিত হচ্ছে। নারীর জন্য সহায়ক কর্মপরিবেশ তৈরি ও নানাবিধ প্রণোদনার ফলে দেশে নারী-উদ্যোক্তার সংখ্যা প্রতি বছর উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পাচ্ছে। পণ্যের বাজার সংযোগ বা বাজারজাতকরণ নারী-উদ্যোক্তাদের জন্য অন্যতম প্রধান একটি বাধা। ব্যবসা করার ক্ষেত্রে ৩৭ শতাংশ নারী-উদ্যোক্তা পুঁজি সংকটের কথা উল্লেখ



ক্রেতা-বিক্রেতা সম্মিলনের উদ্বোধনী অনুষ্ঠানে শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার এমপি, ফাউন্ডেশনের চেয়ারপার্সন ও অন্যান্য অতিথিবৃন্দ

করলেও ২০ শতাংশ নারী-উদ্যোক্তা পণ্যের বাজারজাতকরণকে প্রধান সমস্যা হিসেবে চিহ্নিত করছেন। এই প্রেক্ষাপটে নতুন নারী-উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের বাজার সংযোগ তৈরির মাধ্যমে পণ্যের বাজারজাতকরণ সমস্যা সমাধানের জন্য এসএমই ফাউন্ডেশন ৬ষ্ঠবারের মতো 'ক্রেতা-বিক্রেতা সম্মিলন' অনুষ্ঠানের আয়োজন করে। এতে দেশের বিভিন্ন প্রান্ত থেকে ৬০জন সম্ভাবনাময় নারী-উদ্যোক্তা অংশগ্রহণ করেন। অংশগ্রহণকারী নারী-উদ্যোক্তাগণ তাদের উৎপাদিত বুটিক পণ্য, পাটজাতপণ্য, চামড়াজাত পণ্য, হস্তশিল্প, জুয়েলারি, ইত্যাদি বাণিজ্যিক ক্রেতাদের জন্য প্রদর্শন করেন। অনুষ্ঠানে প্রতিষ্ঠিত বাণিজ্যিক ক্রেতা হিসেবে বিভিন্ন প্রতিষ্ঠান ও অনলাইন মার্কেটপ্লেস-এর প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে অংশগ্রহণকারী নারী-উদ্যোক্তাদের পণ্যের গুণগত মান, ডিজাইন, রং-এর ব্যবহার, পাইকারি মূল্য এবং উৎপাদন সক্ষমতা যাচাইয়ের মাধ্যমে বাণিজ্যিক ক্রেতাগণ সাপ্লাইয়ার নির্বাচন করেন। পণ্য উৎপাদন ও সরবরাহ ব্যবস্থাপনা, পণ্যের গুণগত মান নিয়ন্ত্রণ, চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ ডিজাইন ব্যবহার এবং পাইকারি মূল্য নির্ধারণ কৌশল বিষয়ে অংশগ্রহণকারী নারী-উদ্যোক্তাদের প্রশিক্ষণ প্রদান করছে এসএমই ফাউন্ডেশন। ফাউন্ডেশন আশা করছে, ক্রেতা-বিক্রেতা সম্মিলন অনুষ্ঠানটি একদিকে নারী-উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের বাজার সংযোগ স্থাপনে সহায়তা করবে, অন্যদিকে বাণিজ্যিক ক্রেতা বা খুচরা বিক্রেতাদের পণ্যের সরবরাহ উৎস বা যোগানদাতা খুঁজে পেতে সহায়ক ভূমিকা পালন করবে।

বিকালে 'এসএমই পণ্যের মানোন্নয়ন বাজার সংযোগ' সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন আজহারুল হক আজাদ, প্রতিষ্ঠাতা সভাপতি, ফ্যাশন উদ্যোগ এবং ব্যাবস্থাপনা পরিচালক সাদাকালো। আলোচক ছিলেন রাশেদুল করীম মুন্না, সভাপতি, বাংলাদেশ ডাইভার্সিফাইড জুট গুডস প্রডিউসার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন, শাহীন আহমেদ, সভাপতি, ফ্যাশন উদ্যোগ, তানিয়া ওয়াহাব, সভাপতি, লেদারক্র্যাফটস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ এবং খালেদ মাহমুদ খান, স্বত্বাধিকারী, কে ক্রাফটস। অতিথি ছিলেন মির্জা নুরুল গণী শোভন, সদস্য, পরিচালক পর্ষদ, এসএমই ফাউন্ডেশন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। ধন্যবাদ জ্ঞাপন করেন ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ফারজানা খান, মহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন।

এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে আয়োজিত গত পাঁচটি ক্রেতা-বিক্রেতা সম্মিলনে প্রায় ২০০জন নারী-উদ্যোক্তা পণ্য প্রদর্শন করেন এবং প্রায় ১৬০জন নারী-উদ্যোক্তা নিয়মিত দেশের স্বনামধন্য বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানে পণ্য সরবরাহ করছেন।



'এসএমই পণ্যের মানোন্নয়ন বাজার সংযোগ' সেমিনারে অতিথিবৃন্দ



উদ্যোক্তাদের পণ্য পরিদর্শন করছেন শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার এমপি ও অন্যান্য অতিথিবৃন্দ

# দেশের ৬টি বিভাগে ‘বিভাগীয় এসএমই পণ্য মেলা’ আয়োজনের উদ্যোগ এসএমই ফাউন্ডেশনের



বিভাগীয় এসএমই পণ্য মেলা রংপুর-এর উদ্বোধন করছেন বিভাগীয় কমিশনার, রংপুর



বিভাগীয় এসএমই মেলা খুলনা-এর সমাপনী অনুষ্ঠানে অতিথিবৃন্দ

এসএমই উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের প্রচার ও প্রসারের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশন প্রতি বছর ‘আঞ্চলিক এসএমই পণ্য মেলা’ আয়োজন করে থাকে। এবার দেশের ৬টি বিভাগে ‘বিভাগীয় এসএমই পণ্য মেলা’ আয়োজনের উদ্যোগ নেয়া হয়েছে। এসএমই ফাউন্ডেশনের আয়োজনে এবং বিভাগীয় কমিশনারের সার্বিক তত্ত্বাবধানে ‘বিভাগীয় এসএমই পণ্য মেলা’ বাস্তবায়ন করবে সংশ্লিষ্ট জেলা প্রশাসন। ২৪-৩০ মার্চ ২০২২ রংপুর টাউন হল ময়দানে বিভাগীয় এসএমই পণ্য মেলার আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিভাগীয় কমিশনার মো. আবদুল ওয়াহাব ভূঞা। বিশেষ অতিথি ছিলেন ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ সদস্য মির্জা নুরুল গণী শোভন, ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। সভাপতিত্ব করেন মো. আনিব আহসান, জেলা প্রশাসক, রংপুর। ২৭ মার্চ-০২ এপ্রিল ২০২২ খুলনা সার্কিট হাউজ ময়দানে বিভাগীয় এসএমই পণ্য মেলা আয়োজিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিভাগীয় কমিশনার মো. ইসমাইল হোসেন এনডিসি। বিশেষ অতিথি ছিলেন সালাহ উদ্দিন মাহমুদ, উপব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন এবং মেট্রোপলিটন পুলিশ মো. মাসুদুর রহমান ভূঞা। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মো. মনিরুজ্জামান তালুকদার, জেলা প্রশাসক, খুলনা। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র তালুকদার আব্দুল খালেক। উল্লেখ্য, ময়মনসিংহ, সিলেট, বরিশাল ও রাজশাহীতে বর্তমান অর্থবছরে আরো ৪টি ‘বিভাগীয় এসএমই পণ্য মেলা’ আয়োজনের পরিকল্পনা রয়েছে।

# ‘Export Readiness Training for SMEs in the Agro Processing Sector’ প্রশিক্ষণ



প্রশিক্ষণে আগত অতিথিবৃন্দের সাথে অংশগ্রহণকারী উদ্যোক্তাদের একাংশ




প্রশিক্ষণে বক্তব্য রাখছেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান

এসএমই ফাউন্ডেশন এবং TFO Canada মধ্যকার সমঝোতা স্মারকের আওতায় Women in Trade for Inclusive and Sustainable Growth (WITISG); 2019-2024 কার্যক্রম চলমান রয়েছে। ৫ বছর মেয়াদী চুক্তির অংশ হিসেবে রপ্তানি বাণিজ্যে কানাডাতে এসএমই উদ্যোক্তাদের যুক্ত করার লক্ষ্যে ০৫-০৭ জানুয়ারি ২০২২ এবং ১২-১৪ জানুয়ারি ২০২২ ‘Export Readiness Training for SMEs in the Jute Processing Sector’ প্রশিক্ষণের আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। প্রশিক্ষণে ১. বাণিজ্য ও জেন্ডার ২. পরিবেশ ও আবহাওয়া পরিবর্তন ৩. Socially Responsible Business Practices ৪. রপ্তানি প্রস্তুতি ৫. Export Plan প্রস্তুতকরণ ৬. টার্গেট মার্কেট ও সঠিক ক্রেতা চিহ্নিতকরণ ৭. Building an Online Presence ৮. Export Documentation/Customs বিষয় আলোচিত হয়। প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান, উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ এবং Chemonics International এর Head of the Parties Mr. Marcos Moreno। উপস্থিত ছিলেন প্রোগ্রামের বাংলাদেশী কন্টাক্ট এবং ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান।

# ‘নতুন ব্যবসা সৃষ্টি’ প্রশিক্ষণ



সুনামগঞ্জে ‘New Business Creation for women entrepreneurs’ প্রশিক্ষণে অংশগ্রহণকারি উদ্যোক্তাদের একাংশ

২৩-২৭ নভেম্বর ২০২১ সুনামগঞ্জে ‘New Business Creation for women entrepreneurs’ প্রশিক্ষণের আয়োজন করা হয়। একই বিষয়ে দ্বিতীয় প্রশিক্ষণ ২৩-২৭ জানুয়ারি ২০২২ ঢাকায় আয়োজন করা হয়। প্রশিক্ষণে উদ্যোক্তার ব্যক্তিগত বৈশিষ্ট্য মূল্যায়ন, ব্যবসায় নৈতিকতা ও সামাজিক দায়িত্ব, ব্যবসায় বাধাসমূহ দূর করার উপায়, ব্যবসায়িক ধারণা বাছাই ও নির্বাচন, বাজার জরিপ চেকলিষ্ট, ব্যবসায় পরিকল্পনার প্রাথমিক ধারণা, ব্যবসায় পরিকল্পনা প্রণয়ন এবং ব্যবসায় পরিকল্পনা উপস্থাপন বিষয়ে প্রশিক্ষণার্থীদের বিস্তারিত ধারণা প্রদান করা হয়। এসএমই ফাউন্ডেশনের নারী-উদ্যোক্তা উন্নয়ন উইং’র ২০২১-২২ অর্থবছরের কর্মপরিকল্পনায় ‘New women entrepreneurs Development programs’ কর্মসূচির আওতায় এমন ০৭টি প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা রয়েছে।

# সাভারের ভাকুর্তা আর্টিফিশিয়াল জুয়েলারি শিল্প ক্লাস্টার পরিদর্শন ও মতবিনিময় সভা


আর্টিফিশিয়াল জুয়েলারি শিল্প ক্লাস্টার পরিদর্শনকালে এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন ও অন্যান্য অতিথিবৃন্দ


আর্টিফিশিয়াল জুয়েলারি শিল্প ক্লাস্টার পরিদর্শন ও মতবিনিময় সভায় এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন ও অন্যান্য অতিথিবৃন্দ

এসএমই ফাউন্ডেশন দেশের বিভিন্ন প্রান্তের এসএমই ক্লাস্টারগুলো সরেজমিন পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময়ের মাধ্যমে উন্নয়ন চাহিদা নিরূপণ করে নানাবিধ কর্মসূচি বাস্তবায়ন করে থাকে। ২০২১-২২ অর্থবছরে ১০টি নতুন ক্লাস্টার চিহ্নিত করে উন্নয়ন চাহিদা নিরূপণ করে নানাবিধ কর্মসূচি বাস্তবায়ন করে আসছে। সেই ধারাবাহিকতায় ২৬ ফেব্রুয়ারি ২০২২ এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান, পরিচালক পর্ষদ সদস্য মির্জা নুরুল গণী শোভন, ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান, মহাব্যবস্থাপক ফারজানা খানসহ ফাউন্ডেশনের কর্মকর্তা, এবং দৈনিক প্রথম আলো, সমকাল, চ্যানেল ২৪ ও যমুনা টেলিভিশনের প্রতিনিধিদের নিয়ে সাভারের ভাকুর্তা আর্টিফিশিয়াল জুয়েলারি শিল্প ক্লাস্টার পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন।

সভায় উদ্যোক্তারা ক্লাস্টারটিতে বিদ্যমান নানাবিধ সুবিধা-অসুবিধার কথা তুলে ধরেন এবং ক্লাস্টারটিতে বিদ্যমান সমস্যা কাটিয়ে উঠতে এসএমই ফাউন্ডেশনের দিক নির্দেশনা এবং সার্বিক সহযোগিতা কামনা করেন।

উল্লেখ্য, ভাকুর্তা আর্টিফিশিয়াল জুয়েলারি শিল্প ক্লাস্টার ইতোঃপূর্বে একাধিকবার পরিদর্শন ও উন্নয়ন চাহিদা নিরূপণপূর্বক বেশ কিছু কর্মসূচি বাস্তবায়ন করা হয়েছে। বিশেষ করে জাতীয় এসএমই পণ্য মেলায় উদ্যোক্তাদের অংশগ্রহণে পণ্যের আশাব্যঞ্জক বিক্রির পাশাপাশি দেশের ও বিদেশের বিশেষ করে আমেরিকা, কানাডা ও যুক্তরাজ্য থেকে পণ্যের অর্ডার পাওয়ায় ক্লাস্টারটির পরিচিতিতে নতুন মাত্রা যোগ হয়েছে। এছাড়া হেরিটেজ হ্যান্ডলুম ফেস্টিভ্যাল ২০২২ এ এই ক্লাস্টারের উৎপাদিত পণ্য অনেক প্রসংসিত হয়েছে।

# হাজারীবাগ লেদার ক্লাস্টার পরিদর্শন এবং উদ্যোক্তাদের সাথে মতবিনিময়


হাজারীবাগ লেদার ক্লাস্টার পরিদর্শন এবং উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভায় অতিথিবৃন্দ

০৫ ফেব্রুয়ারি ২০২২ এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান, মহাব্যবস্থাপক ফারজানা খান এবং সহকারী মহাব্যবস্থাপক রাহুল বড়ুয়া হাজারীবাগ লেদার ক্লাস্টার পরিদর্শন ও অংশীজনদের সাথে মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন। সভায় ক্লাস্টারের বর্তমান অবস্থা পর্যবেক্ষণ, সমস্যা ও সম্ভাবনা নিরূপণ নিয়ে আলোচনা করা হয়। উপস্থিত ছিলেন ক্লাস্টার অ্যাসোসিয়েশনের সভাপতি তানিয়া রহমান, সাধারণ সম্পাদক ইয়াসমিন উর্মি, তাসনিম আলম শাহীনসহ উদ্যোক্তাগণ। মতবিনিময় সভায় উদ্যোক্তাগণ ক্লাস্টারের বর্তমান চিত্র, সুবিধা-অসুবিধাসমূহ তুলে ধরে তা সমাধানের জন্য এসএমই ফাউন্ডেশনের সাথে একসাথে কাজ করার আশাবাদ ব্যক্ত করেন।

# পটুয়াখালীর বাউফল মৃৎশিল্প ক্লাস্টার পরিদর্শন এবং উদ্যোক্তাদের সাথে মতবিনিময়

পণ্যের ডিজাইন ও মানোন্নয়নে করণীয় নির্ধারণের লক্ষ্যে ১৬ মার্চ ২০২২ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের সিরামিক বিভাগের সহযোগী অধ্যাপক স্বপন কুমার সিকদার এবং সহকারী অধ্যাপক চিন্ময়ী সিকদারসহ একটি প্রতিনিধিদল পটুয়াখালীর বাউফল মৃৎশিল্প ক্লাস্টার পরিদর্শন এবং উদ্যোক্তাদের সাথে মতবিনিময় করেন। ক্লাস্টার পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময়ের প্রেক্ষিতে উন্নয়ন চাহিদা নিরূপণ করে এসএমই ফাউন্ডেশন ক্লাস্টারটির পণ্যের গুণগত মানোন্নয়নের লক্ষ্যে কর্মসূচি গ্রহণ করেছে। পটুয়াখালীর বাউফল মৃৎশিল্প ক্লাস্টারে বংশ পরম্পরায় গ্রামের নারী ও পুরুষরা কাজ করে আসছে। ক্লাস্টারটির মাটির তৈরি সরঞ্জাম দৈনন্দিন জীবনে ও গৃহ সজ্জায় ব্যবহার করা হয়ে থাকে। এই ক্লাস্টারে পণ্যের ডিজাইন ও মান উন্নয়নের জন্য বর্তমান অর্থবছরে প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।


পটুয়াখালীর বাউফল মৃৎশিল্প ক্লাস্টার পরিদর্শন এবং উদ্যোক্তাদের সাথে মতবিনিময়ে অতিথিবৃন্দ

# ক্লাস্টার প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভা

১৭ ফেব্রুয়ারি ২০২২ ক্লাস্টার উন্নয়ন বিষয়ে ২৪টি ক্লাস্টারের ৩০জন প্রতিনিধির সাথে মতবিনিময় সভার আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। অনলাইনে অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান, মহাব্যবস্থাপক ফারজানা খান ও ফাউন্ডেশনের অন্যান্য কর্মকর্তাগণ। সহকারী মহাব্যবস্থাপক রাহুল বড়ুয়া ক্লাস্টার উন্নয়ন শাখার ২০২২-২৩ অর্থবছরের খসড়া কর্মপরিকল্পনা তুলে ধরেন। পরে এ বিষয়ে উদ্যোক্তারা তাদের মতামত প্রদান করেন এবং ফাউন্ডেশনের কাছ থেকে তাদের প্রত্যাশা তুলে ধরেন।

# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও মহান স্বাধীনতা দিবসে ফাউন্ডেশনের শ্রদ্ধা নিবেদন



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকীতে ফাউন্ডেশনে পক্ষে শ্রদ্ধা নিবেদন করছেন ব্যবস্থাপনা পরিচালক



মহান স্বাধীনতা দিবসে ফাউন্ডেশনের পক্ষে শ্রদ্ধা নিবেদন করছেন উপব্যবস্থাপনা পরিচালক

# এসএমই ফাউন্ডেশন-এনবিআর প্রাক-বাজেট বৈঠক
# ২০২২-২৩ অর্থবছরের বাজেটে বিবেচনার জন্য জাতীয় রাজস্ব বোর্ডের কাছে এসএমই ফাউন্ডেশনের ৫০টি সুপারিশ



২০২২-২৩ অর্থবছরের বাজেটে বিবেচনার জন্য জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)-এর কাছে প্রস্তাবনা প্রেরণের পূর্বে এসএমই অ্যাসোসিয়েশন ও ট্রেডবডি'র প্রতিনিধিদের সাথে যৌক্তিকীকরণ সভায় অতিথিবৃন্দ



২০২২-২৩ অর্থবছরের বাজেটে বিবেচনার জন্য জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)-এর কাছে প্রস্তাবনা উপস্থাপনা সভায় অতিথিবৃন্দ

এসএমই খাতের উন্নয়নে ২০২২-২৩ অর্থবছরের বাজেটে বিবেচনার জন্য জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)-এর কাছে ৫০টি প্রস্তাবনা তুলে ধরেছে এসএমই ফাউন্ডেশন। ১৪ মার্চ ২০২২ বিকাল ৩টায় জাতীয় এনবিআর-এর সম্মেলন কক্ষে এনবিআর চেয়ারম্যান আবু হেনা মোঃ রহমাতুল মুনিমের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে এসএমই ফাউন্ডেশনের পক্ষে এসব প্রস্তাবনা তুলে ধরেন উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ। সভায় আয়কর বিষয়ে ১২টি, মূল্য সংযোজন কর বিষয়ে ১২টি এবং শুল্ক বিষয়ে ২৬টি সুপারিশ তুলে ধরা হয়। দেশের অর্থনীতিতে শতকরা ২৫ ভাগ অবদান রাখা এসএমই খাতের উন্নয়নে এসব সুপারিশ বিবেচনার আশ্বাস দিয়েছেন এনবিআর চেয়ারম্যান।

এসএমই নীতিমালা ২০১৯ এর কৌশলগত লক্ষ্য ৪.১.৩.২ এ কর কাঠামো সহজীকরণ ও যৌক্তিকীকরণ কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসেবে প্রতি অর্থবছরের মত ২০২২-২৩ অর্থবছরের জাতীয় বাজেটে এসএমইবান্ধব প্রস্তাবনা অন্তর্ভুক্তির লক্ষ্যে প্রস্তাবনা প্রেরণের অনুরোধ জানিয়ে এসএমই ফাউন্ডেশনের পক্ষ থেকে বিভিন্ন এসএমই অ্যাসোসিয়েশন, ট্রেডবডির কাছে প্রস্তাব চাওয়া হয়। যার প্রেক্ষিতে ১৮টি অ্যাসোসিয়েশন/ট্রেডবডি থেকে এসএমই খাত সংশ্লিষ্ট ১২০ এর বেশি প্রস্তাবনা পাওয়া যায়। পরবর্তীতে এসএমই অ্যাসোসিয়েশন ও ট্রেডবডি'র প্রতিনিধিদের সাথে যৌক্তিকীকরণ সভার মাধ্যমে ৫০টি প্রস্তাবনা চূড়ান্ত করে জাতীয় রাজস্ব বোর্ড-এর কাছে প্রেরণ করা হয়।

উল্লেখ্য, এসএমই খাতের টেকসই উন্নয়ন নিশ্চিতকরণের লক্ষ্যে ২০১১-১২ অর্থবছর থেকে প্রতি অর্থবছরে এসএমই ফাউন্ডেশন কর্তৃক জাতীয় বাজেটে ট্যাক্স, ভ্যাট, ট্যারিফ ও আর্থিক প্রণোদনা ইত্যাদি বিষয়ে সুনির্দিষ্ট প্রস্তাবনা শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) ও সংশ্লিষ্ট সংস্থা বরাবর উপস্থাপন করা হয়। ২০১১-১২ থেকে ২০২১-২২ অর্থবছর পর্যন্ত এসএমই ফাউন্ডেশনের পক্ষ থেকে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) ও সংশ্লিষ্ট সংস্থা বরাবর উপস্থাপিত ৪১৭টি প্রস্তাবনার মধ্যে ৭১টি সরকার/এনবিআর কর্তৃক গৃহীত হয়েছে এবং জাতীয় বাজেটে প্রতিফলিত হয়েছে।

# 'বহুমুখী পণ্য তৈরি' প্রশিক্ষণ

২০-২৪ ফেব্রুয়ারি ২০২২ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঝালকাঠি শীতলপাটি ক্লাস্টারে 'বহুমুখী শীতলপাটি, বাঁশ ও বেত পণ্য তৈরি' প্রশিক্ষণের আয়োজন করা হয়। ক্লাস্টারের উদ্যোক্তারা প্রধানতঃ গতানুগতিক পদ্ধতিতে শীতলপাটি তৈরি করে থাকেন। প্রশিক্ষণে উদ্যোক্তাদের ঐতিহ্যবাহী শীতল পাটির সাথে বাঁশ ও বেতের সংমিশ্রণে বহুমুখী হ্যান্ডিক্র্যাফট পণ্য তৈরির পদ্ধতি শেখানো হয়। বর্তমানে ঝালকাঠি জেলায় তিনশ'র বেশি পরিবার এ শিল্পের সঙ্গে জড়িত। সবাই পাটি বুনে জীবিকা নির্বাহ করেন। পুরাতন ঐতিহ্যের হাতে গড়া শীতল পাটির জন্য রাজাপুর উপজেলার হাইলাকাঠি ও ডহরশংকর গ্রাম দু'টিকে 'শীতল পাটির গ্রাম' বলা হয়। ৫ দিনব্যাপী প্রশিক্ষণে ৩০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

# এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টার

বিজনেস ইনকিউবেশন সেবা হলো, ব্যবসায়িক উন্নয়ন প্রক্রিয়ার সমষ্টিগত কার্যক্রম, যা নতুন ও ছোট ব্যবসার বিকাশ ও বৃদ্ধির জন্য কাজ করে। বিজনেস ইনকিউবেশন সেন্টারে ওয়ার্কস্পেস সুবিধাসহ বিভিন্ন ধরনের সেবা প্রদানের মাধ্যমে স্টার্টআপ বা নতুন উদ্যোক্তার ব্যবসা বিকাশে এবং বিভিন্ন সমস্যা সমাধানে করতে সহায়তা করা হয়। এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টারের উল্লেখযোগ্য সেবাসমূহ:

- ব্যবসার মৌলিক বিষয়ে সাহায্য
- ব্যবসার নেটওয়ার্কিং সহায়তা
- বিপণন সহায়তা
- বাজার গবেষণা
- উচ্চ গতির ইন্টারনেট
- আর্থিক ব্যবস্থাপনায় সহায়তা
- ব্যাংক ঋণ প্রাপ্তিতে সহায়তা
- উপস্থাপনা দক্ষতা বৃদ্ধি
- কৌশলগত অংশীদারদের সাথে সংযোগ সাধন
- ব্যবসায়িক প্রশিক্ষণ
- প্রযুক্তি বাণিজ্যিকীকরণ সহায়তা
- নিয়ন্ত্রক প্রতিষ্ঠানের সাথে সমন্বয়
- মেধা সম্পত্তি ব্যবস্থাপনা

এসএমই ফাউন্ডেশন প্রতিষ্ঠার সময় থেকে উদ্যোক্তাদের ব্যবসা বিকাশে দেশব্যাপী বিভিন্ন ধরনের কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। এরই ধারাবাহিকতায় নতুন উদ্যোক্তা উন্নয়নে ১৬ সেপ্টেম্বর ২০২১ এ ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনের আওতায় 'এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টার' উদ্বোধন করা হয়। এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টারের জন্য আগ্রহী উদ্যোক্তাদের কাছ থেকে প্রাপ্ত আবেদনপত্র যাচাই বাছাই করে ইনকিউবেটি নির্বাচন করা হয়। জানুয়ারি ২০২২ থেকে এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টারের ১ম ব্যাচে ১১জন নতুন উদ্যোক্তাকে ইনকিউবেটি হিসেবে অফার লেটার প্রদান করা হয়। এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টারে ১৫টি ওয়ার্কস্পেস, ০১টি অনলাইন বিজনেস ল্যাব, ০১টি প্রশিক্ষণ কক্ষ, ০২টি ছোট সভাকক্ষ এবং ০১টি সম্মেলন কক্ষ রয়েছে। ইনকিউবেটিগণ প্রয়োজনে অনুমোদন সাপেক্ষে এসব সুবিধা গ্রহণ করতে পারবেন।

## জানুয়ারি-মার্চ ২০২২ এ ইনকিউবেটিদের জন্য প্রদত্ত সেবাসমূহ

- ইনকিউবেশন ওরিয়েন্টেশন প্রোগ্রাম।
- 'উদ্যোক্তা উন্নয়ন' প্রশিক্ষণ।
- 'অনলাইন ব্যবসা পরিচালনা' প্রশিক্ষণ।
- 'Financial Literacy for SME Entrepreneurs' প্রশিক্ষণ।
- সম্ভাব্য ক্রেতার সাথে যোগাযোগ স্থাপন।
- জাইকা প্রতিনিধি দলের সাথে অভিজ্ঞতা বিনিময়।
- সফল উদ্যোক্তার সাথে মত বিনিময় সভায় অংশগ্রহণ।
- ট্রেড লাইসেন্স প্রক্রিয়া সম্পাদনে সহায়তা প্রদান।
- 'ব্যবসা ব্যবস্থাপনা' অ্যাডভাইজারি সেবা।
- বিজনেস নেটওয়ার্কিং সেবা।
- 'ক্রেতা-বিক্রেতা সম্মিলন ২০২২' এ অংশগ্রহণ।
- নেপালে মার্কেট লিঙ্কেজে সহায়তা।
- ঋণ প্রাপ্তি বিষয়ে ব্যাংকের সাথে সংযোগ স্থাপন।
- পাটজাত পণ্য উৎপাদনকারী ২টি প্রতিষ্ঠান পরিদর্শনে সহায়তা।
- চামড়াজাত পণ্য উৎপাদনকারী ২টি কারখানা পরিদর্শনে সহায়তা প্রদান।
- BCSIR এর সাথে সংযোগ স্থাপন এবং প্রত্যয়নপত্র প্রাপ্তিতে সহায়তা প্রদান।
- 'এসএমই পণ্যের মানোন্নয়ন এবং বাজার সংযোগ' সেমিনারে অংশগ্রহণ।
- ইনকিউবেশন সেন্টারের সভাকক্ষ ব্যবহার।
- ওয়ার্কিং কো-স্পেস ব্যবহার।

### ১ম ব্যাচের ১১ জন উদ্যোক্তার সংক্ষিপ্ত পরিচিতি

১. **শামীম হোসেন**
স্পিরুলিনা

২. **আসিফ আহমেদ**
সিগারেট বাট রিসাইকেলিং

৩. **দিদার উদ্দিন**
জুট ব্যাগ

৪. **তাহমিনা আক্তার**
মেডিক্যাল টুরিজম

৫. **মোঃ আল-আমিন**
পেইন ম্যানেজমেন্ট

৬. **নুসরাত জাহান রুবাইয়া**
পাট জাত পণ্য

৭. **ইসরাত জাহান ইলা**
বিউটি পার্লার

৮. **আবু আল আজাদ**
পণ্য তৈরি ও রপ্তানি

৯. **সায়েদুজ্জামান**
ক্লাউডভিত্তিক ইনভেনটরি ও একাউন্টিং সফটওয়্যার

১০. **নুসরাত জাহান**
ফ্যাশন ডিজাইন স্টুডিও

১১. **এ্যানি রহমান বৃষ্টি**
আইটি ও ডিজাইন সার্ভিস


বিজনেস ইনকিউবেশন সেন্টার পরিদর্শন করছেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক


ইনকিউবেটিদের সাক্ষাৎকার


ইনকিউবেটিদের জাইকা প্রতিনিধিদের সাথে মতবিনিময়


ইনকিউবেটিদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম


ইনকিউবেটিদের প্রশিক্ষণ


ইনকিউবেটিদের সাথে জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কারপ্রাপ্ত উদ্যোক্তার সাথে মতবিনিময়

# প্রণোদনা প্যাকেজ বাস্তবায়ন পরবর্তী অভিজ্ঞতা বিনিময় সভা

নভেল করোনা ভাইরাস পরিস্থিতিতে পল্লী এলাকার প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে কুটির, ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতকে লক্ষ্য করে গ্রামীণ এলাকায় ঋণদান কর্মসূচি সম্প্রসারণের নিমিত্তে আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় ২০২১-২০২২ অর্থবছরে এসএমই ফাউন্ডেশনের অনুকূলে ২য় ধাপে ২০০ কোটি টাকা বরাদ্দ দেয়া হয়। ফাউন্ডেশন উক্ত তহবিল ৩১ ডিসেম্বর ২০২১ এর মধ্যে ১৯টি অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে ২১৮১জন এসএমই উদ্যোক্তাদের মাঝে ঋণ হিসেবে বিতরণ সফলভাবে সম্পন্ন করে। ঋণপ্রাপ্ত ২১৮১জন উদ্যোক্তার মধ্যে নারী-উদ্যোক্তা ৪৫৫জন (২০.৮৬%) এবং পুরুষ উদ্যোক্তা ১৭২৬ জন (৭৯.১৪%)। ঋণ বিতরণ শেষে ০৩ ফেব্রুয়ারি ২০২২ অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের এসএমই প্রধানদের সঙ্গে অনলাইনে অভিজ্ঞতা বিনিময় সভার আয়োজন করা হয়। সভায় স্বাগত বক্তব্য রাখেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। সভায় বক্তব্য রাখেন রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মো. আব্দুল মান্নান। সভায় প্রণোদনা প্যাকেজের আওতায় ২০০ কোটি টাকার ঋণ বিতরণের বিভিন্ন তথ্য তুলে ধরেন ফাউন্ডেশনে উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা। এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মোঃ নাজিম হাসান সাত্তারের সঞ্চালনায় অনুষ্ঠিত সভায় ফাউন্ডেশনের ফোকাল পয়েন্ট কর্মকর্তাবৃন্দ এবং সংশ্লিষ্ট উইং কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। সভায় আরো উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ। আর্থিক প্রতিষ্ঠানগুলোর পক্ষ থেকে উপস্থিত ছিলেন ১৯টি অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের এসএমই প্রধান ও এসএমই সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ।



প্রণোদনা প্যাকেজ বাস্তবায়ন পরবর্তী অভিজ্ঞতা বিনিময় সভায় অংশগ্রহণকারীদের একাংশ

# প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণপ্রাপ্ত উদ্যোক্তাদের মনিটরিং কর্মসূচি



প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণপ্রাপ্ত উদ্যোক্তাদের মনিটরিং কর্মসূচিতে উদ্যোক্তাদের সাথে ফাউন্ডেশনের প্রতিনিধি

মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রণোদনা প্যাকেজের আওতায় অর্থায়ন পরবর্তী সময়ে ঋণপ্রাপ্ত উদ্যোক্তাদের প্রকৃত অবস্থা পরিদর্শন ও প্রয়োজনীয় তথ্য সংগ্রহের উদ্দেশ্যে গত ১৬ ও ১৭ ফেব্রুয়ারি ২০২২ দিনাজপুরে যান ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা ও উপব্যবস্থাপক সাজু বড়ুয়া। এসএমই ফাউন্ডেশনের অংশীদার প্রতিষ্ঠান ও দিনাজপুরে ঋণ বিতরণকারী আর্থিক প্রতিষ্ঠান রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, ব্র্যাক ব্যাংক, প্রাইম ব্যাংক ও আইডিএলসি ফাইন্যান্সিং-এর প্রতিনিধিবৃন্দ পরিদর্শন কর্মসূচিতে অংশগ্রহণ করেন। ২৩ মার্চ ২০২২ ঢাকার ইসলামবাগ এলাকায় অবস্থিত প্লাস্টিক ক্লাস্টারে ঋণপ্রাপ্ত উদ্যোক্তাদের প্রকৃত অবস্থা পরিদর্শন করেন ফাউন্ডেশনের উপব্যবস্থাপক সাজু বড়ুয়া ও সহকারী ব্যবস্থাপক মোঃ আলমগীর হোসাইন। এই ক্লাস্টারে ঋণ বিতরণকারী আর্থিক প্রতিষ্ঠান বেঙ্গল কমার্শিয়াল ব্যাংক-এর এসএমই শাখার কর্মকর্তাবৃন্দ এ সময়ে উপস্থিত ছিলেন। এছাড়া টেলিফোন ও ইমেইলের মাধ্যমে সারা দেশে ঋণ বিতরণ কার্যক্রম মনিটরিং কর্মসূচি চলমান রয়েছে।

# ‘বেকারি শিল্পে সঠিক উৎপাদন রীতি অনুশীলন’ প্রশিক্ষণ

এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ১৮-২০ ফেব্রুয়ারি ২০২২ শরীয়তপুরে ‘বেকারি শিল্পে সঠিক উৎপাদন রীতি অনুশীলন’ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। ১৮ ফেব্রুয়ারি ২০২২ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। সভাপতিত্ব করেন শরীয়তপুরের জেলা প্রশাসক মোঃ পারভেজ হাসান। প্রশিক্ষণে কারখানায় ব্যক্তিগত পরিচ্ছন্নতা, পরিবেশ, যন্ত্রপাতি ব্যবহার, কাচাঁমাল সংগ্রহ ও উৎপাদিত পণ্য সংরক্ষণ পদ্ধতি, কীটপতঙ্গ দমন, সর্বোপরি নিরাপদ উপায়ে খাদ্য উৎপাদন পদ্ধতি বিষয়ে প্রাথমিক ধারণা প্রদান করা হয়। ক্লাসরুম প্রশিক্ষণ ছাড়াও প্রশিক্ষণের অংশ হিসেবে অংশগ্রহণকারীগণ দেশ ফুড প্রোডাক্টস ও মেসার্স হাজী ফুড প্রোডাক্টস সরেজমিন পরিদর্শন করেন। প্রশিক্ষণে বাংলাদেশ ব্রেড বিস্কুট ও কনফেকশনারি প্রস্তুতকারক সমিতি, শরীয়তপুর জেলা শাখার ৩৬জন উদ্যোক্তা/প্রতিনিধি অংশগ্রহণ করেন।



‘বেকারি শিল্পে সঠিক উৎপাদন রীতি অনুশীলন’ প্রশিক্ষণে অতিথিবৃন্দ

# পুঁজিবাজার থেকে মূলধন উত্তোলন বিষয়ে এসএমই উদ্যোক্তাদের অবহিতকরণ সভা



পুঁজিবাজার থেকে মূলধন উত্তোলন বিষয়ে এসএমই উদ্যোক্তাদের অবহিতকরণ সভায় অংশগ্রহণকারীদের একাংশ

পুঁজিবাজার থেকে মূলধন উত্তোলনের বিষয়ে এসএমই উদ্যোক্তাদের অবহিতকরণ ও সহযোগিতার উদ্দেশ্যে ০৭ ফেব্রুয়ারি ২০২২ ও ১৩ ফেব্রুয়ারি ২০২২ এসএমই ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে দু’টি আলোচনা সভার আয়োজন করা হয়। ১ম দিনের সভায় পুঁজিবাজার থেকে মূলধন উত্তোলন বিষয়ে বিভিন্ন তথ্য উপস্থাপন করেন সন্ধানী লাইফ ফাইন্যান্স-এর প্রতিনিধি। ২য় দিনের আলোচনা সভার উদ্বোধন করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। এছাড়া উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার, উপমহাব্যবস্থাপক মোহাম্মদ শামসুর রহমান, উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা ও ফাউন্ডেশনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ। আলোচনা সভায় পুঁজিবাজার থেকে মূলধন উত্তোলন বিষয়ে বিভিন্ন তথ্য উপস্থাপন করেন এসবিএল ক্যাপিটাল ম্যানেজমেন্ট-এর প্রতিনিধি। দু’টি সভায় অংশগ্রহণকারী উদ্যোক্তাগণ পুঁজিবাজার থেকে মূলধন উত্তোলন বিষয়ে অবহিত হন এবং তাদের করণীয় বিষয়ে ধারণা লাভ করেন।

# 'ক্ষুদ্র ও মাঝারি শিল্পের পরিবেশগত ছাড়পত্র' ওয়েবিনার আয়োজন

০১ মার্চ ২০২২ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে অনলাইনে 'ক্ষুদ্র ও মাঝারি শিল্পের পরিবেশগত ছাড়পত্র' ওয়েবিনার অনুষ্ঠিত হয়। এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক ড. আবদুল হামিদ। মূল প্রবন্ধ উপস্থাপন করেন পরিবেশ অধিদপ্তরের উপ-পরিচালক মোঃ ইলিয়াস মাহমুদ। ওয়েবিনারে পরিবেশ সংক্রান্ত আইন কানুন ও বিধি-বিধান, পরিবেশ অধিদপ্তরের কার্যক্রম, পরিবেশ প্রভাব বিবেচনায় শিল্প প্রতিষ্ঠানের শ্রেণী বিভাগ, পরিবেশগত ছাড়পত্র প্রাপ্তির পদ্ধতি, প্রয়োজনীয় ফি ও কাগজপত্র, নবায়ন পদ্ধতিসহ সংশ্লিষ্ট বিষয়ে ধারণা প্রদান করা হয়। কৃষি ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ, হালকা প্রকৌশল, প্লাস্টিক, চামড়া ও চামড়াজাত, ইলেকট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স, তৈরি পোশাক ও হস্তশিল্প, পাট ও পাটজাতসহ প্রভৃতি শিল্পের উদ্যোক্তা ও প্রতিনিধিসহ ৮৮জন ওয়েবিনারে অংশগ্রহণ করেন।



'ক্ষুদ্র ও মাঝারি শিল্পের পরিবেশগত ছাড়পত্র' ওয়েবিনারে অংশগ্রহণকারীদের একাংশ

# 'এসএমই ব্যবসায় উদ্ভাবন: COVID-19 প্রেক্ষাপট' কর্মশালা


'এসএমই ব্যবসায় উদ্ভাবন: COVID-19 প্রেক্ষাপট' কর্মশালায় অতিথিবৃন্দ ও অংশগ্রহণকারীদের একাংশ

ব্যবসায় সফল হওয়ার জন্য পণ্য ও বাজার সম্পর্কে নতুন কিছু উদ্ভাবন করা প্রয়োজন, যা বর্তমান করোনা পরিস্থিতিতে অধিক গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। সে লক্ষ্যে ২৩ ফেব্রুয়ারী ২০২২ 'এসএমই ব্যবসায় উদ্ভাবন: COVID-19 প্রেক্ষাপট' কর্মশালার আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। কর্মশালায় বৈশ্বিক বাজারে বৈশ্বিক প্রতিযোগিতায় সাফল্য অর্জন করতে ও তা ধরে রাখতে নতুনত্ব ও উদ্ভাবনের প্রয়োজনীয়তা সম্পর্কে উদ্যোক্তাদের ধারণা প্রদান করা হয়। কর্মশালায় ৫৫জন এসএমই উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

# 'এসএমই ক্লাস্টারের উদ্যোক্তাদের ব্যবসায় আইসিটি ব্যবহারে সক্ষমতা বৃদ্ধি' কর্মশালা

এসএমই ফাউন্ডেশন সারা দেশে ১৭৭টি সম্ভাবনাময় ক্ষুদ্র ও মাঝারি শিল্প ক্লাস্টার চিহ্নিত করে এসব ক্লাস্টারের উন্নয়নে কাজ করে যাচ্ছে। এসএমই ক্লাস্টারের উদ্যোক্তাদের ব্যবসায় আইসিটি ব্যবহারে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ঢাকায় ও যশোরে কর্মশালার আয়োজন করে ফাউন্ডেশন। ১৯ জানুয়ারি ২০২২ সাভারের ভাকুর্তা ক্লাস্টারে উদ্যোক্তাদের নিয়ে এবং ১৫-১৬ ফেব্রুয়ারি ২০২২ যশোর নকশীকাঁথা ক্লাস্টারের উদ্যোক্তাদের নিয়ে ২টি কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় ব্যবসা অটোমেশনে সরকারের গৃহীত কার্যক্রম, ব্যবসা বিকাশে ওয়েবসাইটের ব্যবহার, সাইবার নিরাপত্তা সচেতনতা, ব্যবসায় আইসিটি/অনলাইনের ব্যবহার ও অনলাইন মার্কেটিং সম্পর্কে আলোচনা করা হয়। কর্মশালায় ৪০জন উদ্যোক্তা/প্রতিনিধি অংশগ্রহণ করেন।


'এসএমই ক্লাস্টারের উদ্যোক্তাদের ব্যবসায় আইসিটি ব্যবহারে সক্ষমতা বৃদ্ধি' কর্মশালায় অংশগ্রহণকারীদের একাংশ

# 'ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের ই-কমার্স' ফলোআপ প্রোগ্রাম


'ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের ই-কমার্স' ফলোআপ প্রোগ্রামে অংশগ্রহণকারীদের একাংশ

ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উদ্যোক্তাদের অনলাইন ব্যবসা/ই-কমার্সে সক্ষমতা অর্জনে এসএমই ফাউন্ডেশন কাজ করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় ফাউন্ডেশন ঢাকাসহ বিভাগীয় পর্যায়ে এসএমই উদ্যোক্তাদের জন্য 'ই-কমার্স ও ই-মার্কেটিং' প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করে আসছে। প্রশিক্ষণ পরবর্তী উদ্যোক্তাদের বর্তমান অবস্থা পর্যালোচনা ও বর্তমান সময়ের প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ অনলাইন ব্যবসায়িক কৌশলসমূহের সাথে পরিচয় করে দেয়ার লক্ষ্যে ঢাকায় ০৭-০৮ ফেব্রুয়ারি ২০২২ 'ই-কমার্স ফলোআপ' প্রোগ্রামের আয়োজন করা হয়। অনুষ্ঠানে ২০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

# 'Business Review & Digital Marketing' প্রশিক্ষণ

২৪ ফেব্রুয়ারি ২০২২ নারী-উদ্যোক্তাদের জন্য অনলাইনে 'Business Review & Digital Marketing' প্রশিক্ষণের আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। প্রশিক্ষণে করোনা মহামারীকালীন সময়ে নারী-উদ্যোক্তাদের ব্যবসায়িক যোগাযোগের দক্ষতা উন্নয়নের অংশ হিসেবে সামাজিক যোগাযোগ মাধ্যম বিশেষত নিজস্ব ওয়েবসাইট, ফেসবুক, লিংকড ইন, টুইটার, ইন্সটাগ্রাম, গুগল-এ মাই বিজনেস লিস্টিং ব্যবহার করে পণ্য বাজারজাতকরণ কৌশল, নতুন ব্যবসায়িক এটিকেটস, ব্যবসা পরিকল্পনা, প্রোডাক্ট প্রমোশনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ বিষয়ে আলোচনা করা হয়। মহামারীর সময়ে উৎপাদিত পণ্য বিপণনের জন্য করণীয় ও বর্জনীয়সহ আধুনিক প্রযুক্তির লাগসই ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে ব্যবসায়ের প্রফিট ম্যাক্সিমাইজেশনের জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হয়। প্রশিক্ষণে ৫০জন নারী-উদ্যোক্তা অংশগ্রহণ করেন।


'Business Review & Digital Marketing' প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের একাংশ

# এসএমই খাতের উন্নয়নে উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন কর্মসূচি



অ্যাডভান্স বিউটিফিকেশন ও পার্লার ব্যবস্থাপনা প্রশিক্ষণের সমাপণী অনুষ্ঠানে ফাউন্ডেশনের চেয়ারপার্সন ও অন্যান্য অতিথিবৃন্দ

এসএমই ফাউন্ডেশনের ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশন দেশের এসএমই খাতের উন্নয়নে ঢাকাসহ বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের চাহিদা অনুযায়ী বিভিন্ন প্রশিক্ষণ পরিচালনা করে থাকে। উদ্যোক্তা/ট্রেডবডি/অ্যাসোসিয়েশন/চেম্বার/ স্টেকহোল্ডারদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে তাদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি এবং তা ব্যবসা প্রতিষ্ঠান পরিচালনায় যথাযথভাবে কাজে লাগিয়ে প্রতিষ্ঠানের উন্নয়ন ও সার্বিকভাবে এসএমই খাতের বিকাশে ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশন বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করে যাচ্ছে। জানুয়ারি-মার্চ ২০২২ ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশন উদ্যোক্তাগণের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধিতে বিভিন্ন বিষয়ে ৪৪টি প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করেছে। এতে ১২৮৪জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

**'আইসিটি উন্নয়ন' প্রশিক্ষণসমূহ:**

এসএমই উদ্যোক্তাদের জন্য 'ই-কমার্স ফর এসএমইস' ও 'সোস্যাল কমার্স ফর এসএমইজ' ১৭টি প্রশিক্ষণে ২৬২জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

**'ক্লাস্টার উন্নয়ন' প্রশিক্ষণসমূহ:**

১৬-২০ জানুয়ারি ২০২২ জামালপুরে নকশীকাঁথা ক্লাস্টারে 'ব্লক-বাটিক ও স্ক্রিন প্রিন্ট' প্রশিক্ষণে ৩০জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। ২০-২৪ জানুয়ারি ২০২২ চট্টগ্রামের পূর্ব মাদারবাড়ী লেদার ক্লাস্টারে 'পণ্য বহুমুখীকরণ' প্রশিক্ষণে ৩০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। ঝালকাঠিতে ৬-১০ ফেব্রুয়ারি ২০২২ 'বহুমুখী শীতলপাটি, বাঁশ ও বেতপণ্য তৈরি' প্রশিক্ষণে ৩১জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। ২০-২৪ ফেব্রুয়ারি ২০২২ 'পণ্য বহুমুখীকরণ' বিষয়ক প্রশিক্ষণ তারিখে বাস্তবায়িত প্রশিক্ষণে ২২ জন নারী ও ৮ জন পুরুষসহ মোট ৩০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। ২০-২২ জানুয়ারি ২০২২ নরসিংদীতে 'Marketing Techniques' প্রশিক্ষণে ৩০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। ০৬-০৭ মার্চ ২০২২ 'রপ্তানি পদ্ধতি' প্রশিক্ষণে মৌলভীবাজারে সুজানগর আগর-আতর ক্লাস্টারের ৩০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। ২৫-২৯ মার্চ ২০২২ গাইবান্ধার গোবিন্দগঞ্জে 'ডিজাইন ডেভেলপমেন্ট' প্রশিক্ষণে ৩০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। ২৭-৩১ মার্চ ২০২২ কুষ্টিয়ায় 'প্রোডাক্ট ডেভেলপমেন্ট' প্রশিক্ষণে ৩০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

**'প্রযুক্তি উন্নয়ন' প্রশিক্ষণসমূহ:**

০১-১৫ ফেব্রুয়ারি ২০২২ চট্টগ্রামে 'নারী-উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নে বহুমুখী চামড়াজাত পণ্য উৎপাদন' প্রশিক্ষণে পূর্ব-মাদারবাড়ি পাদুকা ক্লাস্টারের 'চট্টগ্রাম ক্ষুদ্র পাদুকা শিল্প মালিক গ্রুপ'-এর সদস্য প্রতিষ্ঠানসমূহের ৩৫জন নারী কর্মী অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে ব্যক্তিগত নিরাপত্তা, কারখানার পরিবেশ, যন্ত্রপাতি ও মেশিনারিজ ব্যবহার, কাচাঁমাল সংগ্রহ, পণ্য উৎপাদন, প্যাকেজিংসহ পাদুকা উৎপাদনের সকল বিষয়ে প্রাথমিক ধারণা প্রদান করা হয়। ক্লাসরুম প্রশিক্ষণ ছাড়াও ব্যবহারিক কার্যক্রমের অংশ হিসেবে প্রত্যেক প্রশিক্ষণার্থী কর্তৃক প্রোটোটাইপ পাদুকা প্রস্তুত করা হয়। নরসিংদীতে ২৭ মার্চ-০২ এপ্রিল ২০২২ 'অপারেশন, মেইনট্যাইনেন্স ও সেফটি অব ইন্ডাস্ট্রিয়াল বয়লার' প্রশিক্ষণে ৩০জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

**'ব্যবসা ব্যবস্থাপনা' প্রশিক্ষণ**

০৯-১৩ জানুয়ারি ২০২২ নাটোরে নতুন ও সম্ভাবনাময় উদ্যোক্তাদের জন্য 'নতুন ব্যবসা সৃষ্টি' প্রশিক্ষণে ৩০জন নারী-উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

২৭-২৮ ফেব্রুয়ারি ২০২২ 'আইটিসি ট্রেড ম্যাপ ও মার্কেট এক্সে ম্যাপ (বাজার বিশ্লেষণ টুল) ব্যবহারের মাধ্যমে এসএমই পণ্যের আন্তর্জাতিক বাজার নির্বাচন' প্রশিক্ষণের আয়োজন করা হয়।

**'ফাইন্যান্সিং লিটারেসি' প্রশিক্ষণ**

এসএমই খাতে ঋণ সরবরাহ বৃদ্ধিকল্পে সরকার, বাংলাদেশ ব্যাংক ও এসএমই ফাউন্ডেশনের বিভিন্ন নীতিমালা, সার্কুলার, প্রকাশনা, কর্মসূচি, এসএমই ঋণ অনুমোদন ও আদায়ের কৌশল এবং এবিষয়ে দেশী-বিদেশী সফল মডেল সম্পর্কে উদ্যোক্তাদের ধারণা প্রদানের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ০৯ মার্চ ২০২২ 'Financing Literacy on SMEF Entrepreneurs' প্রশিক্ষণে ২৭জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

**'দক্ষতা উন্নয়ন' প্রশিক্ষণসমূহ**

২২-৩১ মার্চ ২০২২ 'Advance Training on Beautification and Beauty Parlor Management' প্রশিক্ষণে পার্লার ব্যবসায় সম্পৃক্ত ৩১জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে পারসোনা একাডেমি বিউটি অ্যান্ড লাইফস্টাইল এর স্বত্বাধিকারী কানিজ আলমাস খানের তত্ত্বাবধানে প্রশিক্ষণটি পরিচালিত হয়। সমাপনী অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান এবং মহাব্যবস্থাপক ফারজানা খান উপস্থিত ছিলেন।

২৭-৩১ মার্চ ২০২২ নড়াইলের দলিত সম্প্রদায়ের ৩০জন প্রশিক্ষণার্থীর অংশগ্রহণে শেলাই বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করা হয়। জামালপুরে ২৩-২৭ জানুয়ারি ২০২২ ৩০ জন তৃতীয় লিঙ্গের উদ্যোক্তার অংশগ্রহণে 'স্ক্রিন প্রিন্ট' প্রশিক্ষণের আয়োজন করা হয়।

**'এসডিজি ২০৩০' প্রশিক্ষণ**

টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) অর্জনে ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) খাতের ভূমিকা এবং করণীয় নিরূপণ করার লক্ষ্যে ফাউন্ডেশনের কর্মকর্তাদের জন্য ২২-২৩ মার্চ ২০২২ 'টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) অর্জনে এসএমই খাতের ভূমিকা' কর্মশালার আয়োজন করা হয়। প্রশিক্ষণে রিসোর্সপার্সন ছিলেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি বিষয়ক যুগ্মসচিব মো. মনিরুল ইসলাম।

**বিভিন্ন ট্রেডবডি/চেম্বারের সহযোগিতায় বাস্তবায়িত প্রশিক্ষণসমূহ :**

এসএমই খাতের বিকাশকে বেগবান করার লক্ষ্যে জানুয়ারি-মার্চ '২২ এসএমই ফাউন্ডেশন বিভিন্ন ট্রেডবডি/চেম্বারের সহযোগিতায় আয়োজিত ৮টি প্রশিক্ষণে ২৪০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। বাস্তবায়িত প্রশিক্ষণসমূহ:

| ক্রমিক নং | প্রশিক্ষণের নাম | সহযোগী প্রতিষ্ঠান | ভেন্যু | তারিখ |
|---|---|---|---|---|
| ১. | উদ্যোক্তা উন্নয়ন ও ব্যাংক উপযোগী ব্যবসায় পরিকল্পনা প্রণয়ন | জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি (নাসিব) | দিনাজপুর | ১১-১৫ জানুয়ারি ২০২২ |
| ২. | পাটজাত পণ্য উৎপাদন ও বাজারজাতকরণ | জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি (নাসিব) | খুলনা | ২৩-২৭ জানুয়ারি ২০২২ |
| ৩. | ফ্যাশন ডিজাইন | বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (বিডব্লিউসিসিআই) | বগুড়া | ২৩-২৭ জানুয়ারি ২০২২ |
| ৪. | বেসিক কাটিং-স্যুইং অ্যান্ড প্যাটার্ন মেকিং | চিটাগং উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (সিডব্লিউসিসিআই) | চট্টগ্রাম | ২৩-২৭ জানুয়ারি ২০২২ |
| ৫. | ফুড প্রোডাকশন ফর ক্যাটারিং সার্ভিস | চিটাগং উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (সিডব্লিউসিসিআই) | চট্টগ্রাম | ০৬-১০ ফেব্রুয়ারি ২০২২ |
| ৬. | ফাস্ট ফুড প্রিপারেশন অ্যান্ড প্রসেসিং | দি সিলেট চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি | সিলেট | ১৩-১৭ ফেব্রুয়ারি ২০২২ |
| ৭. | বিউটিফিকেশন ও পার্লার ব্যবস্থাপনা | পটুয়াখালী উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাষ্ট্রি | পটুয়াখালী | ১৬-২০ ফেব্রুয়ারি ২০২২ |
| ৮. | পাটজাত পণ্য উৎপাদন ও বাজারজাতকরণ | জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি (নাসিব) | টাঙ্গাইল | ১৩-১৭ ফেব্রুয়ারি ২০২২ |

# এসএমই ফাউন্ডেশনের ১৬তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত




১৬তম বার্ষিক সাধারণ সভায় পরিচালক পর্ষদ সদস্যদের সাথে ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান

কোভিড-১৯ সত্ত্বেও গত অর্থবছরে এসএমই ফাউন্ডেশনের কর্মসূচির সরাসরি সুবিধাভোগী সাড়ে ৮ হাজারেরও বেশি উদ্যোক্তা। করোনাভাইরাসের ক্ষতি কাটিয়ে উঠতে ৩১০৮জন ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তার মাঝে সরকারের প্রণোদনা প্যাকেজের ৩০০ কোটি টাকার ঋণ মাত্র সাড়ে চার মাসে বিতরণ করেছে ফাউন্ডেশন। এসএমই ফাউন্ডেশনের ১৬তম বার্ষিক সাধারণ সভায় এ তথ্য জানিয়েছেন চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান। তিনি আরো জানান, প্রণোদনা প্যাকেজের প্যাকেজের ঋণ সুষ্ঠুভাবে বিতরণ নিশ্চিত করতে ১৯টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সাথে নিয়মিত সমন্বয় সাধন করা হয়েছে বলেও জানান তিনি। তবে তিনি বলেন, করোনাভাইরাসের কারণে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের ক্ষতি কাটিয়ে উঠতে আরো অর্থ প্রয়োজন। ১২ মার্চ ২০২২, শনিবার রাজধানীর আগারগাঁওয়ে পর্যটন ভবন মিলনায়তনে এসএমই ফাউন্ডেশনে ১৬তম বার্ষিক সাধারণ সভায় পরিচালক পর্ষদ এবং সাধারণ পর্ষদের সদস্যদের কাছে ২০২০-২১ অর্থবছরের বাস্তবায়িত কর্মসূচির ওপর বিভিন্ন পরিসংখ্যান তুলে ধরেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। তিনি জানান, ২০২০-২১ অর্থবছরে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের জন্য সরকারের প্রণোদনা প্যাকেজের ঋণ বিতরণ, পণ্য বাজারজাতকরণ, দক্ষতা উন্নয়ন এবং দেশে ও বিদেশে উৎপাদিত পণ্যের বাজার সম্প্রসারণ সংক্রান্ত এসএমই ফাউন্ডেশনের নানামুখী কার্যক্রমের সরাসরি সুবিধা পেয়েছেন ৮ হাজার ৫৩৭জন উদ্যোক্তা। এর মধ্যে নারী-উদ্যোক্তা ৪৯৬৮জন, পুরুষ উদ্যোক্তা ৩৫০৯জন এবং তৃতীয় লিঙ্গের উদ্যোক্তা ৬০। তিনি আরো জানান, কোভিড-১৯ এর কারণে ২০২০-২১ অর্থবছরে দেশের অনলাইনে আঞ্চলিক এসএমই পণ্য মেলা এবং ৩য় হেরিটেজ হ্যান্ডলুম ফেস্টিভ্যাল ২০২০ আয়োজন করে এসএমই ফাউন্ডেশন, যা উদ্যোক্তাদের পণ্য বাজারজাতকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

পরিচালক পর্ষদের প্রতিবেদনের ওপর মতামত ও সুপারিশ প্রদান করেন সাধারণ পর্ষদের ১৪জন সদস্য। তারা বলেন, করোনাভাইরাসের কারণে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের ক্ষতি কাটিয়ে উঠতে এসএমই ফাউন্ডেশনের বিভিন্ন কর্মসূচি গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। তবে আরো এসএমই উদ্যোক্তাকে সরকারের প্রণোদনা প্যাকেজের আওতায় আনতে এসএমই ফাউন্ডেশনের কার্যক্রম আরো জোরদার করতে ফাউন্ডেশনের অনুকূলে অর্থ বরাদ্দ বাড়ানোরও দাবি জানান তারা।

ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ২০২০-২১ অর্থবছরে এসএমই ফাউন্ডেশনের কার্যক্রমের ওপর পরিচালক পর্ষদের প্রতিবেদন উপস্থাপন ও গ্রহণ, নিরীক্ষিত আর্থিক বিবরণী ও নিরীক্ষকের প্রতিবেদন অনুমোদন এবং ২০২২-২৩ অর্থবছরের বাজেট উপস্থাপন ও অনুমোদন করা হয়। ফাউন্ডেশনের পরিচালনা পর্ষদ এবং সাধারণ পরিষদের সদস্যবৃন্দ ১৬তম বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ করেন।



এসএমই ফাউন্ডেশনের ১৬তম বার্ষিক সাধারণ সভায় সাধারণ পর্ষদ সদস্য ও অন্যান্য অতিথিবৃন্দ



সম্পাদনা পরিষদ: সালাহউদ্দিন মাহমুদ, উপব্যবস্থাপনা পরিচালক, মোঃ নাজিম হাসান সাত্তার, মহাব্যবস্থাপক; ফারজানা খান, মহাব্যবস্থাপক; মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, মহাব্যবস্থাপক, মুহাম্মদ মোরশেদ আলম, সহকারী মহাব্যবস্থাপক, অঙ্গসজ্জা: মো: আরিফুল ইসলাম, প্রোগ্রাম সহকারী, এসএমই ফাউন্ডেশন, পর্যটন ভবন (লেভেল-৬ ও ৭) প্লটঃ ই-৫/সি-১, পশ্চিম আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭। ফোন: (+৮৮০২) ৪১০২৪১০৮-১০ ফ্যাক্স: ৪১০২৪১১১, ই-মেইল: info@smef.gov.bd ওয়েব সাইট: www.smef.gov.bd